LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বুধবার ৭ই ফেব্রুয়ারি ২০১৮ ইং

এডি রেশিও কমানোর সিদ্ধান্ত স্থগিত চায় ডিবিএ

পুঁজিবাজারের স্থিতিশীলতার স্বার্থে ব্যাংকেরঋণ আমানত অনুপাত (এডি রেশিও) কমানো সংক্রান্ত কেন্দ্রীয় ব্যাংকের সার্কুলারের কার্যকারিতা কিছু সময়ের জন্য স্থগিত রাখার দাবি জানিয়েছে ঢাকা স্টক এক্সচেঞ্জ ব্রোকারেজ অ্যাসোসিয়েশন (ডিবিএ)। তাছাড়া পুঁজিবাজারে ব্যাংকের বিনিয়োগসীমা, এক্সপোজার রিপোর্টিং পদ্ধতি এবং আইসিবির ভূমিকা সংক্রান্ত বেশকিছু প্রস্তাব রেখেছে সংগঠনটি। গতকাল ডিবিএর পক্ষ থেকে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবিরের কাছে এসব প্রস্তাব সংবলিত চিঠি দেয়া হয়েছে।ডিবিএর চিঠিতে বলা হয়েছে, পুঁজিবাজারের স্থিতিশীলতায় বাংলাদেশ ব্যাংকের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সাম্প্রতিক সময়ে বেশকিছু বিষয়কে কেন্দ্র করে পুঁজিবাজারে ছন্দপতন হয়েছে। তাই বাজার স্থিতিশীলতার স্বার্থে কিছু বিষয় কেন্দ্রীয় ব্যাংকের বিবেচনা করা প্রয়োজন।http://bonikbarta.net

রফতানি আয়ে প্রবৃদ্ধি সাড়ে ৬ শতাংশ

চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম সাত মাসে (জুলাই-জানুয়ারি) বিশ্ববাজারে পণ্য রফতানি বাবদ বাংলাদেশের আয় হয়েছে ২ হাজার ১৩২ কোটি ৪৯ লাখ ডলার। এ সময়ে রফতানি আয় বেড়েছে ৬ দশমিক ৫৫ শতাংশ। গতকাল রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) প্রকাশিত হালনাগাদ পরিসংখ্যান প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়েছে।একক মাসভিত্তিক পরিসংখ্যানে দেখা যায়, চলতি বছরের প্রথম মাসে রফতানি খাত থেকে আয় হয়েছে ৩৪০ কোটি ৮৮ লাখ ৫০ হাজার ডলার। গত বছরের জানুয়ারিতে রফতানি আয় ছিল ৩২৯ কোটি ২২ লাখ ৩০ হাজার ডলার। এ হিসাবে বছরের প্রথম মাসে রফতানি আয়ে প্রবৃদ্ধি হয়েছে ৩ দশমিক ৫৪ শতাংশ।http://bonikbarta.net

বস্ত্র ও পোশাক কারখানার যন্ত্রাংশের প্রদর্শনী শুরু আগামীকাল

আগামীকাল শুরু হচ্ছে বস্ত্র ও পোশাক খাতের মূলধনি যন্ত্রের আন্তর্জাতিক প্রদর্শনী 'ঢাকা ইন্টারন্যাশনাল টেক্সটাইল অ্যান্ড গার্মেন্ট মেশিনারি এক্সিবিশন (ডিটিজি)'। চার দিনব্যাপী এ প্রদর্শনীতে অংশ নেবে বিশ্বের ৩৬ দেশের সহস্রাধিক প্রতিষ্ঠান।বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ) ও ইয়র্কাস ট্রেড অ্যান্ড মার্কেটিং সার্ভিসেস যৌথভাবে ডিটিজির ১৫তম সংস্করণ আয়োজন করছে। গতকাল বিটিএমএ কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংগঠনটির ভারপ্রাপ্ত সভাপতি মোহাম্মদ আলী খোকন, সহসভাপতি হোসেন মেহমুদ, পরিচালক খোরশেদ আলম, মনির হোসেন, শামস মাহমুদ, মোশাররফ হোসেন ও সুমাইয়া আজিজসহ ইয়র্কাসের কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।http://bonikbarta.net

৪ ট্রিলিয়ন ডলার বাজার মূলধন হারিয়েছে কোম্পানিগুলো

যুক্তরাষ্ট্রে সুদের হার বৃদ্ধির সম্ভাবনা ও মুনাফা নিয়ে বিনিয়োগকারীদের আতঙ্কের কারণে সোমবার ওয়াল স্ট্রিটের শেয়ারবাজারে রেকর্ড দরপতন হয়েছে। যার প্রভাবে গতকাল গোটা এশিয়া-ইউরোপের শেয়ারবাজারে ব্যাপক দরপতন লক্ষ করা যায়। গতকাল

বৈশ্বিক শেয়ারবাজার চতুর্থ দিনের মতো নিম্নমুখী থাকায় বিভিন্ন কোম্পানির বাজারমূল্য ৪ ট্রিলিয়ন ডলার কমে গেছে বলে ধারণা করা হচ্ছে; অথচ মাত্র আটদিন আগেই রেকর্ড উচ্চতায় ছিল এ মূল্যমান। খবর গার্ডিয়ান, এএফপি, রয়টার্স ও ওয়াল স্ট্রিট জার্নাল।সোমবার যুক্তরাষ্ট্রের শিল্পপ্রতিষ্ঠানগুলোর সমন্বিত সূচক ডাও জোনস ১ হাজার ১৭৫ পয়েন্ট হারায় যায়। এটি ছিল ডাও জোনসের জন্য ছয় বছরের মধ্যে সবচেয়ে বাজে দিন। মার্কিন শেয়ারবাজারে এ ব্যাপক দরপতনের প্রভাবে গতকাল এশিয়া ও ইউরোপের শেয়ারসূচকগুলোতেও নিম্নমুখী প্রবণতা লক্ষ করা যায়।http://bonikbarta.net

সুদের হার অপরিবর্তিত রাখল অস্ট্রেলিয়ার কেন্দ্রীয় ব্যাংক

অস্ট্রেলিয়ার কেন্দ্রীয় ব্যাংক গতকাল চলতি বছরে অনুষ্ঠিত প্রথম বৈঠকে সুদের হার অপরিবর্তিত রেখেছে। মূল্যস্ফীতির সহনীয় অবস্থা এবং গৃহস্থালি ব্যয়ে অনিশ্চয়তার প্রেক্ষাপটে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। খবর এএফপি।রিজার্ভ ব্যাংক অব অস্ট্রেলিয়া (আরএবি) ২০১৬ সালের আগস্ট থেকে সুদের হার পরিবর্তন করেনি। এর আগে দেশটির খনিবহির্ভূত খাতকে উদ্দীপনা দেয়ার লক্ষ্যে ২০১১ সালের নভেম্বর থেকে টানা বেশ কয়েকবার সুদের হার হ্রাস করায় সেটি ১ দশমিক ৫০ শতাংশে নেমে আসে।এক বিবৃতিতে গভর্নর ফিলিপ লোয়ে বলেন, বর্তমান মুদ্রানীতির অবস্থান হচ্ছে অর্থনীতির প্রবৃদ্ধিকে সহায়তা করা। আরএবির বোর্ডসভা শেষে তিনি বলেন, নিম্ন সুদের হার অস্ট্রেলিয়ার অর্থনীতিকে অব্যাহতভাবে সমর্থন দিয়ে যাচ্ছে। বেকারত্বের হার কমানোর ব্যাপারে আরো অগ্রগতি এবং মূল্যস্ফীতি অভীষ্ট লক্ষ্যমাত্রায় ফিরে আসবে বলে আশা করা হচ্ছে। অবশ্য এসব অগ্রগতি ধীরগতিতে হওয়ার কথা।http://bonikbarta.net

আট বছরের সর্বনিম্নে স্বর্ণের বৈশ্বিক চাহিদা

আন্তর্জাতিক বাজারে ২০১৭ সালজুড়ে স্বর্ণের দামে তেজিভাব দেখা গেছে। তবে মূল্যবান ধাতুটির বৈশ্বিক চাহিদার ক্ষেত্রে দেখা গেছে ভিন্ন চিত্র। ২০১৭ সালে স্বর্ণের বৈশ্বিক চাহিদা আগের বছরের তুলনায় কমেছে। এ সময় মূল্যবান ধাতুটির বৈশ্বিক চাহিদা গত আট বছরের মধ্যে সর্বনিম্ন অবস্থানে নেমে এসেছে। তবে কেন্দ্রীয় ব্যাংকসহ প্রাতিষ্ঠানিক চাহিদা, স্বর্ণের বার ও কয়েনের চাহিদা কমলেও ২০১৭ সালে বিশ্বের বিভিন্ন দেশে স্বর্ণালঙ্কারের চাহিদা বেড়েছে বলে ওয়ার্ল্ড গোল্ড কাউন্সিলের (ডব্লিউজিসি) সাম্প্রতিক প্রতিবেদনে জানানো হয়েছে। খবর রয়টার্স।ডব্লিউজিসির প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ২০১৭ সালে স্বর্ণের বৈশ্বিক চাহিদা ছিল ৪ হাজার ৭১ দশমিক ৭ টন, যা আগের বছরের তুলনায় ৭ শতাংশ কম। ২০১৬ সালে মূল্যবান ধাতুটির বৈশ্বিক চাহিদা ছিল ৪ হাজার ৩৬২ টন। সে হিসাবে, এক বছরের ব্যবধানে বিশ্বজুড়ে স্বর্ণের চাহিদা কমেছে ২৯০ দশমিক ৩ টন। ২০০৯ সালের পর গত বছরই স্বর্ণের বৈশ্বিক চাহিদা সবচেয়ে কম ছিল বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।http://bonikbarta.net

রেকর্ড সর্বোচ্চে মালয়েশিয়ায় পাম অয়েলের মজুদ

পাম অয়েল উৎপাদনকারী ও রফতানিকারক দেশগুলোর তালিকায় মালয়েশিয়ার অবস্থান বিশ্বে দ্বিতীয়। চলতি ২০১৭-১৮ মৌসুমে দেশটিতে পণ্যটির উৎপাদনে তেজিভাব বজায় রয়েছে। এর জের ধরে ২০১৮ সালের জানুয়ারিতে দেশটিতে পাম অয়েলের সমাপনী মজুদ আগের মাসের তুলনায় বেড়ে ২ বছরের মধ্যে সর্বোচ্চে পৌঁছেছে। ব্রিটিশ সংবাদমাধ্যম রয়টার্সের এক জরিপভিত্তিক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ২০১৮ সালের জানুয়ারিতে মালয়েশিয়ায় পাম অয়েলের মজুদ দাঁড়িয়েছে ২৭ লাখ ৫০ হাজার টনে, যা আগের মাসের তুলনায় দশমিক ৬ শতাংশ বেশি। এর আগে ২০১৭ সালের ডিসেম্বরে দেশটিতে পাম অয়েলের মজুদ ২০১৫ সালের নভেম্বরের পর সর্বোচ্চে পৌঁছেছিল। সে হিসাবে জানুয়ারিতে আরো তেজিভাব দেখা দেয়ায় মালয়েশিয়ায় পাম অয়েলের মজুদ দুই বছরের সর্বোচ্চে অবস্থান করছে। মূলত বেচাকেনার তুলনায় বাড়তি উৎপাদনের জের ধরে এ সময় দেশটিতে পাম অয়েলের মজুদ বেড়েছে বলে প্রতিবেদনে জানানো হয়েছে।http://bonikbarta.net